রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ২৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/২২ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ১৬১-আইন/২০২০।**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ময়মনসিংহ জেলার নান্দাইল পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে এতদ্দ্বারা শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিল, যথা:—

**তফসিল**

| ক্রমিক নম্বর | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল নম্বর | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | চন্ডীপাশা | চন্ডীপাশা | ১০৫ | ২৩৪, ৩০৪-৩১৪ |
| (২) | নান্দাইল | নান্দাইল | ৫০ | ৩৯২৫-৩৯৮৩, ৪০৫২-৪৪২৫ |
| (৩) | আচারগাঁও | আমুদাবাদ | ৮৫ | ৯৯২, ১০৭০-১০৮৩, ১০৮৬-১০৮৭, ১০৯২-১১৬৫, ১১৬৮-১২০০, ১২০৩-১২২১, ১২৩১, ১২৩৬-১২৩৮, ১২৪০-১২৪৮, ১২৫২-১২৬৫, ১২৭৯-১২৮৪, ১২৮৬-১৩০৭, ১৩০৯-১৭০৭, ১৭৪১, ১৭৪৪-১৭৫২, ১৭৬৮। |

২। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উপরিউক্ত শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্তকরণ সংক্রান্ত এই প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১(এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে এবং উপ-ধারা (৪) এর বিধান মোতাবেক সরকার উক্তরূপ উত্থাপিত আপত্তি ৩(তিন) মাসের মধ্যে নিষ্পন্ন করিবে।

৩। উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (১), General Clauses Act, 1897 (Act No. X of 1897) এর Section 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২ কার্তিক ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১৭ অক্টোবর ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং ৩১৯-আইন/২০১১ এবং ২৩ বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ মে ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং ১২০-আইন/২০১৩ এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ফারুক হোসেন**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd